



গণবিজ্ঞপ্তি

উন্মুক্ত স্থানে বর্জ্য সংরক্ষণ ও পোড়ানো বন্ধ করার জন্য বিশেষ নির্দেশনা

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের সাভার, আমিন বাজার, মাতুয়াইলসহ আশেপাশের এলাকায় রাস্তা, সড়ক, মহাসড়ক বা উন্মুক্ত স্থানে সকল ধরনের বর্জ্য স্তূপীকরণ ও পোড়ানো হচ্ছে যা বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি-১২ এর সুস্পষ্ট লঙ্ঘন। উন্মুক্ত স্থানে বর্জ্য স্তূপীকরণ ও পোড়ানো বন্ধ করার জন্য সর্বসাধারণ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানকে যথাযথ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

- ১) রাস্তা, সড়ক, মহাসড়ক বা উন্মুক্ত স্থানে বর্জ্য ফেলে রাখা এবং উন্মুক্ত অবস্থায় পোড়ানো সম্পূর্ণ বন্ধ করতে হবে। এটি একটি দণ্ডনীয় অপরাধ;
- ২) বর্জ্য, পৌরবর্জ্য এবং গৃহস্থালি বর্জ্য খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানো যাবে না;
- ৩) নালা, নর্দমা বা ড্রেনের বর্জ্য উত্তোলন করে রাস্তার পাশে স্তুপ আকারে জমা করা যাবে না;
- ৪) বিভিন্ন মার্কেট, শপিংমল, বাণিজ্যিক প্রতিষ্ঠান ও বাসাবাড়িতে সৃষ্ট ময়লা, আবর্জনা এবং ধূলাবালি রাস্তায় ফেলা ও পোড়ানো যাবে না।

আসুন বায়ুদূষণ রোধ করি, সুস্থ ও সুন্দর ভবিষ্যৎ গড়ি



মহাপরিচালক

পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়